গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম

২০২৩-২০২৪ অর্থবছরের জিএসবি'র পুনর্গঠিত ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ কামাল হোসেন<br>পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম |
| সভার তারিখ | ০৮/০৮/২০২৩ খ্রি.। |
| সভার সময় | বেলা ১১:০০ ঘটিকা। |
| স্থান | ভূতত্ত্ব ভবনের চতুর্থ তলার সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ । |

**আলোচ্য সূচী:**

১। ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আলোকে ইনোভেশন টিমের ২০২৩-২০২৪ অর্থবছরের কার্যক্রম সম্পর্কে আলোচনা।

২। বিবিধ।

**আলোচনা**

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিগত কমিটির সদস্য সচিব জনাব মোঃ আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব)'কে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ধন্যবাদ প্রদান করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব জনাব রিয়াদুল ইসলাম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন এবং সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

০১। সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনায় সভাপতি বলেন এবছর নুন্যতম একটি ধারণা বাস্তবায়ন করতে হবে এবং তা করতে হবে ১৬-০৩-২০২৪ তারিখের মধ্যে। তিনি আরও বলেন এবছর আমরা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত ইনোভেশন আইডিয়াকে প্রাধান্য দেয়া হবে। জনাব মোঃ হোসেন খসরু, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম সভাকে জানান এ বছর যেহেতু ইনোভেশন শোকেসিং এর একটি বিষয় আছে তাই আমাদের একের অধিক আইডিয়া বাস্তবায়ন করা প্রয়োজন। উপস্থিত সকলে ভালো আইডিয়া প্রাপ্তি সাপেক্ষে দুই বা ততোধিক আইডিয়া বাস্তবায়নের পক্ষে মত দেন। সভাপতি দ্রুত ইনোভেশন আইডিয়া জমা প্রদানের জন্য সদস্য সচিবকে নোটিশ জারির ব্যবস্থা নিতে বলেন।

০২। সভাপতি ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা সংক্রান্ত আলোচনায় বলেন ইতোমধ্যে আইডিয়া প্রদানকারী/ অ্যাপ সংশ্লিষ্ট শাখার উপ-পরিচালক ও সহকারী পরিচালক পর্যায়ের ১০জন কর্মকর্তাদের নিয়ে Bangladesh Mineral Museum অ্যাপ এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাঁদের মধ্য থেকে এবং বিভিন্ন অ্যাপ সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাদের নিয়েই ইতঃপূর্বে বাস্তবায়িত অ্যাপ সেবা চালু অব্যাহত রাখার জন্য App হালনাগাদকরণ কমিটি হতে পারে বলে সবাই একমত হন।
এছাড়াও Android version এর পাশাপাশি মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক

Bangladesh Mineral Museum অ্যাপটি IOS প্লাটফর্মেও প্রস্তুত করা, অ্যাপলিকেশনটির বিশ্বমানের Design, Server Change / BCC Backup এবং Bangla ও English উভয় ভার্সন তৈরী করার বিষয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের ইনোভেশন খাতের বাজেট থেকে সম্ভব হলে বাস্তবায়ন করা যেতে পারে বলে আলোচকগণ মতামত প্রদান করেন।

০৩। ইনোভেশন শোকেসিং সংক্রান্ত আলোচনায় জনাব মোঃ হোসেন খসরু, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম বলেন, আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে নুন্যতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত করতে হবে তবে এই আয়োজন কি শুধু ২০২৩-২৪ অর্থবছরের ইনোভেশন আইডিয়াগুলোকে নিয়ে নাকি বিগত বছরগুলোর বাস্তবায়িত ইনোভেশন আইডিয়াসহ তা পরিস্কার নয়। সভায় উপস্থিত সদস্যগন ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন শুধু এ বছরের বাস্তবায়িত আইডিয়ার উপর করতে হবে বলে মত প্রদান করেন। এ বিষয়ে কমিটির সভাপতি পরবর্তীতে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে মতামত প্রদান করেন।

০৪। ই-নথির ব্যবহার বৃদ্ধি বিষয়ক আলোচনায় সভাপতি বলেন ই-ফাইলে নোট নিষ্পন্নকরণ বৃদ্ধি করার বিষয়টি দেখার জন্য আলাদা কমিটি রয়েছে। এ বছর আমাদের ই-ফাইলে নোট নিষ্পন্নকরণ কমপক্ষে ৮০% রাখতে হবে এবং এ সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন নিয়মিত কমিটির কাছ থেকে নিয়ে রাখতে হবে।

০৫। তথ্য বাতায়ন হালনাগাদকরণ সংক্রান্ত আলোচনায় সভাপতি বলেন ইনোভেশন কমিটির কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন, কমিটির তথ্য, প্রযোজ্যক্ষেত্রে ওয়েব সাইটের স্ক্রিনশট ইত্যাদি বিষয় নিয়মিত হালনাগাদ করতে হবে।
০৬। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা আয়োজন এবং কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ক আলোচনায় জনাব মোহাম্মদ জহির উদ্দিন, উপ-পরিচালক (ভূ-পদার্থ) বলেন আমাদের এ বছরে দুটি ওয়ার্কশপ/সভা/সেমিনার আয়োজন করতে হবে এবং আগামী বছরের ২৫-০৩-২০২৪ তারিখের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। সভাপতি বলেন বিগত বছর জিএসবি ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় করণীয় সম্পর্কে দুটি সভা আয়োজন করে কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে। এ বছর আমাদের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। জনাব মোঃ আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভাকে জানান বিগত বছর শুধু কর্মপরিকল্পনা প্রণয়নের কথা বলা হলেও পরবর্তীতে বাস্তবায়নও করতে বলা হয়েছিল। সভাপতি বলেন এ বিষয়ে পরবর্তীতে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হবে।

**সিদ্ধান্ত**

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | কার্যক্রম | গৃহীত সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | [১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | আইডিয়া প্রাপ্তি সাপেক্ষে দুই বা ততোধিক আইডিয়া বাস্তবায়ন করা হবে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ইনোভেশন আইডিয়া আহবান করে দ্রুত নোটিশ জারি করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| ০২ | [২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা | ১) Bangladesh Mineral Museum অ্যাপ এর উপর প্রশিক্ষণ প্রাপ্ত এবং বিভিন্ন অ্যাপ সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাদের নিয়ে ইতঃপূর্বে বাস্তবায়িত অ্যাপ সেবা চালু অব্যাহত রাখার জন্য জনাব মোঃ আবু সায়েম, উপ-পরিচালক (ভূতত্ত্ব)কে সভাপতি করে App হালনাগাদকরণ কমিটি গঠন করতে হবে।<br>২) Bangladesh Mineral Museum অ্যাপটি Android version এর পাশাপাশি IOS প্লাটফর্মেও অ্যাপলিকেশনটি প্রস্তুত করতে হবে এবং Server Change / BCC Backup এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ০৩ | [৩.১] ইনোভেশন শোকেসিং | ২০২৩-২৪ অর্থবছরের বাস্তবায়িত ইনোভেশন আইডিয়াগুলোকে নিয়ে নুন্যতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন করতে হবে। | |
| ০৪ | [৪.১] ই-নথির ব্যবহার বৃদ্ধি | ই-ফাইলে নোট নিষ্পন্নকরণ কমপক্ষে ৮০% রাখতে হবে এবং এ সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন ই-নথি কমিটির নিকট থেকে সংগ্রহ করতে হবে । | |
| ০৫ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | ইনোভেশন কমিটির কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন, কমিটির তথ্য, প্রযোজ্যক্ষেত্রে ওয়েব সাইটের স্ক্রিনশট ইত্যাদি বিষয় নিয়মিত ইনোভেশন কর্নার ও ইনোভেশন সংক্রান্ত বক্স এ হালনাগাদ রাখতে হবে। | |
| ০৬ | [৬.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা আয়োজন এবং কর্মপরিকল্পনা প্রণয়ন | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা আয়োজন করে কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।



মোঃ কামাল হোসেন
পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.২৫

তারিখ: ২ ভাদ্র ১৪৩০
১৭ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপ-পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

২) উপ-পরিচালক (ভূতত্ত্ব) -২, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৩) উপ-পরিচালক (ভূপদার্থ)-১ , অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৪) উপ-পরিচালক (রসায়ন)-৩ , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৫) উপ-পরিচালক (ড্রিলিং)-২, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৬) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৩ , ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৭) অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

Riyadul Islam

রিয়াদুল ইসলাম
সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য সচিব,
ইনোভেশন টিম